

💵 সহীহ হাদিসে কুদসি

হাদিস নাম্বারঃ ১১২

১/ বিবিধ হাদিসসমূহ

পরিচ্ছেদঃ আল্লাহর প্রশংসামূলক কতক বাক্যের ফযিলত

আরবী

112 - عَنْ عُقْبَةَ بْنَ عَامِرٍ - رضي الله عنه - يَقُولُ: لَا أَقُولُ الْيَوْمَ عَلَى رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم مَا لَمْ يَقُلْ، سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ: «مَنْ كَذبَ عَلَيَّ متعمدًا فَلْيَتَبَوَّأُ بَيْتًا مِنْ جَهَنَّمَ» وَسَمِعْته يَقُولُ: «يَقُومُ الرجل من أمتي مِنْ اللَّيْلِ عَلَيَّ متعمدًا فَلْيَتَبَوَّأُ بَيْتًا مِنْ جَهَنَّمَ» وَسَمِعْته يَقُولُ: «يَقُومُ الرجل من أمتي مِنْ اللَّيْلِ فَيُعَالِجُ نَفْسَهُ إِلَى الطَّهُورِ وَعَلَيْهِ عُقَد فَإِذَا وَضَاً يَدَيْهِ انْحَلَّتْ عُقْدَةٌ، وَإِذَا وَضَاً وَجْهَهُ انْحَلَّتْ عُقْدَةٌ، وَإِذَا مَسَحَ رَأْسَهُ انْحَلَّتْ عُقْدَةٌ، وَإِذَا وَضَاً رِجْلَيْهِ انْحَلَّتْ عُقْدَةٌ، فَيَقُولُ الله الْحَلَّتْ عُقْدَةً، وَإِذَا مَسَحَ رَأْسَهُ انْحَلَّتْ عُقْدَةً، وَإِذَا وَضَاً لِكِعْلَاجُ نَفْسَهُ يَسْأَلُني، مَا حَتْ وَجَلَّ لِللَّهُ يَقْولُ الله سَأَلْنِي عَبْدِي هَذَا يُعَالِجُ نَفْسَهُ يَسْأَلُني، مَا سَأَلَنِي عَبْدِي هَذَا يُعَالِجُ نَفْسَهُ يَسْأَلُني، مَا سَأَلَنِي عَبْدِي هَذَا يُعَالِجُ نَفْسَهُ يَسْأَلُني، مَا صحيح سَأَلَنِي عَبْدِي هَذَا فَهُو لَهُ ﴾ (حب, حم) صحيح

বাংলা

১১২. উকবা ইবনু আমের রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: আমি আজ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামসম্পর্কে বলব না যা তিনি বলেননি, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি: "যে আমার ওপর স্বেচ্ছায় মিথ্যা বলে, সে যেন জাহান্নামে ঘর বানিয়ে নেয়"। তাকে আরো বলতে শুনেছি: "আমার উম্মতের কোন ব্যক্তি রাতে উঠে, অতঃপর নিজেকে পবিত্রতার জন্য প্রস্তুত করে, তার ওপর থাকে অনেক গিরা, যখন সে দু'হাত ধৌত করে একটি গিরা খুলে যায়, যখন সে চেহারা ধৌত করে একটি গিরা খুলে যায়, যখন সে তার মাথা মাসেহ করে একটি গিরা খুলে যায়, যখন সে তার পা ধৌত করে একটি গিরা খুলে যায়। আল্লাহ তা'আলা পর্দার আড়ালে অবস্থানকারীদের বলেন: আমার বান্দাকে দেখ, সে আমার নিকট প্রার্থনারত হয়ে নিজ নফসকে কষ্ট দিচ্ছে, আমার এ বান্দা যা চাইবে তা তার জন্যই"। [ইবনু হিব্বান ও আহমদ] হাদিসটি সহিহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলাম হাউস

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন